গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

সভার তারিখ : ২৮-০৩-২০১৬ তারিখ রোজ সোমবার
সময় : বিকাল ০৩.৩০ ঘটিকা
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (বি-ব্লক)
সভাপতি : কানিজ ফাতেমা এনডিসি
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনা করার আহবান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করার সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয় অধিশাখার উপ-সচিব জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। বিগত আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০১৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত এবং দৃঢ়করণ করা হয়। মাসিক সভার কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ৪৬৭টি ১ম শ্রেণির পদ সৃজন:** জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনান্তে তাঁরা পদটি ৯ম গ্রেডে দেওয়ার পক্ষে মত দেন। | অর্থ বিভাগের চাহিত তথ্য মতে পদটি ৯ম গ্রেডে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত হয়। | উপ সচিব (প্রশাসন-৩) | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ২ | **বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩ প্রণয়ন:** এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি উপ-কমিটির মিটিং হয়েছে। বিবিএস হতেও কর্মচারীদের বিভিন্ন দাবি-দাওয়া উত্থাপিত হয়েছে। পরবর্তীতে সচিব মহোদয়ের সভাপতিতে একটি মিটিং করা হবে মর্মে সভায় বিশদ আলোচনা হয়। | বিবিএস হতে প্রস্তাবনা আসলে সচিব মহোদয়ের সাথে আলোচনা করে এ বিষয়ে করণীয় ঠিক করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩), SID | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ৩ | **"পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ সম্পর্কিত নীতিমালা, ২০১৩" প্রণয়ন:** কয়েকটি মন্ত্রণালয় হতে মতামত পাওয়া গিয়েছে বেশ কিছু মন্ত্রণালয় হতে এখনও মতামত পাওয়া যায়নি। তবে, কোন মন্ত্রণালয়/বিভাগ হতে মতামত পাওয়া না গেলে ধরে নিতে হবে তাদের কোন আপত্তি নাই মর্মে সভায় আলোচনা হয়। | ৩১শে মার্চ, ২০১৬ তারিখের মধ্যে কোন মতামত পাওয়া না গেলে অতঃপর একটি সভার আয়োজন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩), SID | অতিরিক্ত সচিব SID |
| ৪ | **বিবিএস এর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের এসিআর স্ক্যান করে সংরক্ষণ:** ২০১৫ সালে ১১৩৯টি স্ক্যান করা হয়েছে। এ বছর এসিআর আসলে আবার স্ক্যান করা হবে। | এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তবে ৩ (তিন) মাস পর পর এর অগ্রগতি দেখাতে হবে। বিষয়টি মাসিক সমন্বয় সভার আলোচনা হতে বাদ দিতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), SID<br><br>সহকারী প্রোগ্রামার, SID | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধ. |
|---|---|---|---|---|
| ৫ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:**<br><br>বিবিএস-এ পূর্বে ৪১১৬ জনবল ছিল বর্তমানে ৪১২৯ জনের জনবল অনুমোদিত আছে তাছাড়া পরবর্তীতে ১১২২১ জনবলের প্রস্তাবিত একটি ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রণয়ন এর উদ্যোগ নেওয়া হয়েছে মর্মে সভাকে যুগ্মসচিব (প্রশাসন) অবহিত করেন। | অর্গানোগ্রাম সংক্রান্ত এনাম কমিটির নির্ধারিত বইসহ সচিব মহোদয়ের সাথে আলোচনা করতে হবে এবং এ বিষয়টি পরবর্তী মাসিক সমন্বয় সভার আলোচনা হতে বাদ দিতে হবে। | উপসচিব<br>(প্রশাসন-৩), SID | মহা-পরিচালক<br>বিবিএস<br>যুগ্ম-সচিব<br>(প্রশাসন),SID |
| ৬ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি সৃষ্টির জন্য বিধিমালা প্রণয়ন:**<br><br>সর্বশেষ নির্দেশনার আলোকে বিবিএস-এ বিধিমালা প্রণয়নের কাজ চলছে মর্মে সভায় আলোচনা হয়। | নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। | উপসচিব<br>(প্রশাসন-৩),SID<br><br>পরিচালক<br>(এসএসটিআই),বিবিএস | অতিরিক্ত সচিব<br>SID |
| ৭ | **"তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর (NID)" গঠনের প্রস্তাব প্রেরণ:**<br><br>এ বিষয়ে কার্যপত্র প্রস্তুত করা আছে যা সচিব মহোদয় সময় দিলে একটি মিটিং করা হবে মর্মে অতিরিক্ত সচিব মহোদয় সভাকে অবহিত করেন। | সচিব মহোদয়কে Framework দেখাতে হবে। | উপসচিব<br>(তথ্য ব্যবস্থাপনা)<br>SID | অতিরিক্ত সচিব<br>SID |
| ৮ | **বিভাগে MIS গঠন সংক্রান্ত:**<br>অর্থ বিভাগের বাজেটে MIS গঠনের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী বিভাগে আইসিটি শাখা চালু হলেই MIS গঠন করা যাবে মর্মে সভাকে যুগ্মসচিব (প্রশাসন) অবহিত করেন। | ICT শাখার সৃষ্ট ৮টি পদের বিপরীতে জনবল নিয়োগের পর বিভাগে MIS গঠন করা যেতে পারে। | সহকারী প্রোগ্রামার, SID | অতিরিক্ত সচিব<br>SID |
| ৯ | **জাতীয় তথ্য ব্যবস্থাপনা নীতিমালা (NIP):**<br>NID ও NIP দুটো একই অবস্থানে আছে মর্মে উপসচিব (তথ্য ব্যবস্থাপনা) সভাকে অবহিত করেন। | মতামত পাওয়ার পর সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহ্বান করতে হবে। | উপসচিব<br>(তথ্য ব্যবস্থাপনা), SID | অতিরিক্ত সচিব<br>SID |
| ১০ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণের সার্বিক চিত্রে সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেছেন। বিভাগের আওতায় প্রশিক্ষণ কোর্সে মনোনয়নে কাকে, কি বিষয়ে ট্রেনিং দেওয়া হলো তার সচিত্র বর্ণনা কার্যপত্রে থাকা প্রয়োজন। সেক্ষেত্রে বিভাগ ও বিবিএস এর প্রশিক্ষণ বিবরণ আলাদা হতে পারে মর্মে সভায় বিশদ আলোচনা হয়। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনানুসারে SID এ প্রশিক্ষণ কোষ গঠন করা হয়েছে।<br>(খ) প্রতিমাসে SID এবং BBS এর কতজন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেছেন তার হিসাব সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br>ও<br>পরিচালক<br>(এসএসটিআই), BBS | যুগ্মসচিব<br>(প্রশাসন), SID |
| ১১ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ে কার্যালয়ের নিরাপত্তা সংক্রান্ত:**<br>নিরাপত্তার ক্ষেত্রে ডাটাবেজ নিরাপত্তা, সরকারি সম্পদ ও জনবলের নিরাপত্তা বিষয়টিতে অধিকতর দৃষ্টি দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। পরিসংখ্যান ভবনের নিরাপত্তা জোরদারের জন্য ইতমধ্যে যা যা কার্যক্রম নেওয়া হয়েছে তা পর্যাপ্ত ও সন্তোষজনক বলে সচিব মহোদয় অবহিত করেন। | নিরাপত্তা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br><br>পরিচালক<br>(এফএ এন্ড এমআইএস)<br>বিবিএস<br>সিনিয়র সহকারী সচিব<br>(প্রশাসন-২), SID | মহাপরিচালক<br>বিবিএস<br><br>যুগ্ম-সচিব<br>(প্রশাসন),SID |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় অনুবিভাগ কর্তৃক ই-ফাইলিং এর বাস্তব অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনায় প্রত্যেক অফিসার কর্তৃক লগইন এবং নথি নিষ্পত্তির বিষয় উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। | ক. SID এর সকল কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক প্রতিদিন নেস এ লগইন করতে হবে।<br>খ. এছাড়া আগামী সভা থেকে কার্যপত্রে প্রতিমাসে প্রতি শাখা হতে কতটি নথি ই-ফাইলিংয়ের মাধ্যমে নিষ্পত্তি করেছে তাঁর বিবরণ দিতে হবে।<br>গ. SID-এ নতুন কর্মকর্তা/কর্মচারী যোগদান করায় তাদের অন্তুর্ভুক্ত পূর্বক সকল কর্মকর্তা/কর্মচারীদের নেসের ব্যাপারে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপসচিব (প্রশাসন), SID | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ১৩ | অডিট আপত্তি সংক্রান্ত:<br>৫৭টি আপত্তির মধ্যে ২১টি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে তন্মধ্যে ১৫টি নিষ্পত্তি হয়েছে বাকীগুলো নিষ্পত্তির অপেক্ষায় আছে মর্মে সভাকে যুগ্মসচিব (প্রশাসন) অবহিত করেন। | অডিট আপত্তি নিষ্পত্তি করনে আরো তৎপর হতে হবে। | উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়), SID | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ১৪ | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:-<br>অত্র বিভাগসহ বিবিএস এ কোন ধরনের অভিযোগ জমা না হওয়ায় প্রতি মাসে মন্ত্রিপরিষদ বিভাগে শূন্য প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | নিয়মিত প্রতিবেদন দিতে হবে। | উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়) SID | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ১৫ | মামলা সংক্রান্ত:<br>প্রত্যেকটি মামলাই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাগজ-পত্র উপস্থাপন সহ নিয়মিত তদারকি করা হচ্ছে মর্মে উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়) সভাকে অবহিত করেন। | আগামী সভায় মামলার পুর্নাঙ্গ তালিকা প্রকাশ করতে হবে। | উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও সমন্বয়), SID | মহাপরিচালক বিবিএস<br>যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ১৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:<br>যথাসময়ে ইনপুট দেওয়া হচ্ছে মর্মে সভাকে সচিব মহোদয়ের একান্ত সচিব অবহিত করেন। | অতিরিক্ত সচিব এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে কাজ করবেন। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব SID |
| ১৭ | Foreign Delegates এবং Development Partner-দের সাথে সাক্ষাৎকারের পূর্বে অবহিত করণ সংক্রান্তঃ<br>সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়ে থাকে মর্মে মহাপরিচালক, বিবিএস সভাকে অবহিত করেন। | সচিব মহোদয়কে মাসে দুই বার সচিবের একান্ত সচিব এ বিষয়ে লিখিত ভাবে জানাবেন। | উপ-মহাপরিচালক বিবিএস<br>উপ-সচিব (উন্নয়ন), SID | মহাপরিচালক বিবিএস<br>ও<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| ১৮ | Good Practice:<br>দুর্নীতি প্রতিরোধে সহায়তা প্রদানের জন্য দুদক চেয়ারম্যানের আধা সরকারি পত্র দিয়েছেন মর্মে সভায় আলোচনা হয়। | Good Practice সংক্রান্ত কাজের বিবরণসহ উপস্থাপন করতে হবে। | উপ-সচিব (প্রশাসন-৩), SID | যুগ্ম-সচিব (প্রশাসন) |
| ১৯ | শুদ্ধাচার কৌশল:<br>নিয়মিত শুদ্ধাচার করা হচ্ছে মর্মে উপ-সচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন। | শুদ্ধাচারের উদাহরণ দিয়ে উপস্থাপন করতে হবে। | উপ-সচিব (প্রশাসন-৩), SID | যুগ্ম-সচিব (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | **RTI:** বিভাগে সাধারণত কেউ তথ্য চেয়ে আবেদন করে নাই। তবে কেউ যদি বিবিএস সম্পর্কিথ কোন তথ্য চেয়ে ফোন বা আবেদন করে তাহলে সংশ্লিষ্ট তথ্য অফিসারকে রেফার করা হয়। | জনগনের সবার মান আরও বাড়াতে হবে। | উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) |

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেনীর জনবল নিয়োগ:** নিয়োগের রোড ম্যাপ তৈরি করা হয়েছে। কর্মকর্তাদের প্রশিক্ষণের কারণে কিছুটা বিলম্ব হচ্ছে তবে আগামী জুলাই মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে মর্মে মহাপরিচালক, বিবিএস সভাকে অবহিত করেন। | দ্রুত নিয়োগ শেষ করতে হবে। | উপ-মহাপরিচালক বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ২ | **বিবিধ:** | | | |
| ২(ক) | **ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত:** প্রতিদিনের সব চিঠি আপলোড করলে ওয়েব সাইডে ধারণ করতে পারবে না তাই প্রয়োজনীয় লিংক দিয়ে দেওয়া হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | প্রতিদিনই তথ্য হালনাগাদ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, SID<br>পরিচালক কম্পিউটার উইং বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ২(খ) | **পেনশন সংক্রান্ত:** সেন্সাস উইংয়ে এক ভদ্র মহিলার মামলার বিষয়ে আলোচনা হয়। | পেনশন কেস সর্বাধিক গুরুত্ব দিয়ে নিষ্পত্তি করতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br>ও<br>পরিচালক (এফএএন্ড এম আইএস), বিবিএস | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ২(গ) | **বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত:** বিল প্রতি মাসে পরিশোধ করা হয়ে থাকে তবে সিটি কর সংক্রান্ত বিষয়ে কিছুটা ঝামেলা থাকায় তা নিয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে আলোচনা চলছে মর্মে মহাপরিচাল, বিবিএস সভাকে অবহিত করেন। | প্রয়োজনে বিভাগীয় কমিশনারের নিকট আবেদন করা যেতে পারে। | সংশ্লিষ্ট উইং এর পরিচালকগণ | মহাপরিচালক বিবিএস |
| ২ (ঘ) | **জলাবদ্ধতা নিরসন:** পরিসংখ্যান ভবনকে PWD এর অর্ন্তভুক্তি করণে মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা রয়েছে তারপরেই জলাবদ্ধতা নিরসনের ব্যাপারটি নিয়ে Project Develop করা হবে মর্মে মহাপরিচালক, বিবিএস সভাকে অবহিত করেন। | সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ভবনের জলাবদ্ধতা নিরসন করতে হবে। | পরিচালক (এফএএন্ড এম আইএস), বিবিএস | মহাপরিচালক বিবিএস |

মাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয় আরও কিছু কমানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪/৪/২০১৬

কানিজ ফাতেমা এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ